

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৪৮(আগরতলা, ০৫।০৩)
বিশ্রামগঞ্জ, ০৫ মার্চ, ২০১৯

সিপাহীজলায় রাস্তা সংস্কার

গত ২৭ ফেব্রুয়ারি সিপাহীজলা জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এই কমিটির সভাপতি তপন বিকাশ পাল। সভায় সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি ফকরউদ্দিন আহমেদ, জিলা পরিষদের সহকারী সভাপতি কমলরাণী শীল, জিলা পরিষদের সচিব শঙ্কর চক্রবর্তী ছাড়াও সংশ্লিষ্ট দপ্তরের পদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন। সভায় বিদ্যুৎ নিগমের প্রতিনিধি জানান, সুভাগ্য প্রকল্পে জেলায় ফেব্রুয়ারি মাস পর্যন্ত ত্রিপুরা বিদ্যুৎ উন্নয়ন নিগমের মাধ্যমে ৯০৩৭টি এবং নিপকো-এর মাধ্যমে ৫৪৭৬টি মোট ১৪,৫১৩টি পরিবারকে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। এন বি সি সি প্রতিনিধি জানান, প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় জেলাতে মোট ১৯টি রাস্তা সংস্কারের কাজ চলছে। এর মধ্যে ৮টি রাস্তা পূর্ত দপ্তরের হাতে হস্তান্তর করা হয়েছে। ১১টি রাস্তা মেরামতের কাজ চলছে। পূর্ত দপ্তরের বিশালগড় কার্যালয়ের নির্বাহী বাস্তুকার জানান, বিশালগড় মহকুমায় ৫.৪ কিলোমিটার নতুন রাস্তা সাম্প্রসারণ করা হয়েছে। তিনি জানান, ১৪.২ কিলোমিটার কারপেটিং ও রিকারপেটিং এবং ৩৭.২ কিলোমিটার রাস্তা সংস্কার করা হয়েছে। পূর্ত দপ্তরের বিশ্রামগঞ্জ নির্বাহী বাস্তুকার জানান, বিশ্রামগঞ্জ নির্বাহী বাস্তুকারের কার্যালয়ের অধীনে সলিং ৪.৫০ কিমি, মেটেলিং ১০.৫০ কিলোমিটার এবং কারপেটিং ৫১ কিলোমিটার করা হয়েছে। তাছাড়াও ১৬ টি পুরনো রাস্তা সংস্কার করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ৩ কোটি ৭৭ লক্ষ ৫১ হাজার টাকা। পূর্ত দপ্তরের সোনামুড়া নির্বাহী বাস্তুকার জানান, ১৪.৪২ কিলোমিটার রাস্তা ম্যাটেলিং, ১৪.২ কিলোমিটার রাস্তা কারপেটিং করা হয়েছে।
